



শরীয়তপুরে শিক্ষা প্রতিষ্ঠানগুলো নানা সমস্যায় জর্জরিত ॥ রাস্তা সংস্কার হচ্ছে না ॥ পানির সংকট

॥ মো: শাহাদাত হোসেন ॥
 মাদারীপুর, ২০শে জানুয়ারী।-
 শরীয়তপুর জেলা শহর বর্তমানে
 অসুস্থী সমস্যায় ভরপুর। প্রায়
 তিন বছর আগে শরীয়তপুর
 মহকুমাকে জেলায় রূপান্তরিত
 করা হলেও জেলা শহরে উন্নয়নের
 কোন ছোঁয়া লাগেনি। জেলা
 শহরে প্রায় ২৫ হাজার লোকের
 বসবাস। সম্প্রতি তিনটি ইউনিয়ন
 নিয়ে শরীয়তপুর পৌরসভা গঠন
 করা হলেও পৌরসভার কাজকর্ম
 এখনও পুরোপুরি চালু হয়নি।
 শরীয়তপুর শহরের রাস্তা-
 ঘাটের অবস্থা খুবই করুণ।
 পাকিস্তান আমলে তৈরী এসব
 রাস্তায় সংস্কারের কোন ছোঁয়া
 লাগেনি। শহরের অধিকাংশ
 সড়কই ইট বিছানো ও কাঁচা।
 কিছু কিছু সড়ক কংক্রীটের তৈরী
 হলেও ইট-সুরকি উঠে গিয়ে
 যানবাহন চলাচলের অযোগ্য
 হয়ে পড়েছে। জেলা হওয়ার পর
 শহরে জনসংখ্যা ও যানবাহনের
 সংখ্যা বাড়লেও সে অনুপাতে
 সড়কগুলো সম্প্রসারণ করা হয়-
 নি। আঙ্গারিয়া বাজার থেকে শহ-
 রের কেন্দ্রস্থল পর্যন্ত সড়কটি
 আজ পর্যন্ত পাকা করা হয়নি।
 শহরের মেইন রোড, হাসপাতাল
 রোড, কোর্ট রোড প্রভৃতি সড়কের
 অবস্থা খুবই করুণ। এসব সড়কের
 ইট-সুরকি উঠে গিয়ে যানবাহন
 চলাচলের অনুপযোগী হয়ে
 পড়েছে।

শহরের কোন সড়কের পাশেই
 ফুটপাথ না থাকায় জনসাধারণের
 চলাচলের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি
 হয়েছে। সড়কের পাশে কোন
 ড্রেন না থাকায় বৃষ্টির দিনে পানি
 জমে থাকে।
 শরীয়তপুর শহরের শিক্ষা
 প্রতিষ্ঠানগুলো বিভিন্ন সমস্যায়
 জর্জরিত। ফলে লেখাপড়া মারা-
 ত্রকভাবে ব্যাহত হচ্ছে। শরীয়ত-

পুর সরকারী কলেজে সমস্যার
 শেষ নেই। কলেজে আজ পর্যন্ত
 স্নাতক শ্রেণী চালু হয়নি। গত
 বছর রাষ্ট্রপতি শরীয়তপুরে
 এসে কলেজটিকে স্নাতক শ্রেণী
 চালু করার প্রতিশ্রুতি দিলেও
 সে প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়নি।
 ফলে শহরের ছাত্র-ছাত্রীদের
 উচ্চ শিক্ষার ক্ষেত্রে দারুণ অসু-
 বিধার সৃষ্টি হয়েছে। এছাড়া
 কলেজটিতে শ্রেণীক্ষেত্র স্বল্পতা
 আসবাবপত্রের অভাব, বিজ্ঞানা-
 গারে সরঞ্জামের অভাব এবং
 প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক না
 থাকায় লেখাপড়া মারাত্মক ভাবে
 ব্যাহত হচ্ছে।

শহরে অবস্থিত সরকারী
 বালক ও বালিকা বিদ্যালয় দুটিতে
 প্রয়োজনীয় শিক্ষক নেই। বিজ্ঞানা-
 গারে নেই প্রয়োজনীয় যন্ত্রপাতি।
 এছাড়া আগবারপত্রের অভাব,
 ছাত্রাবাস সংকট ও খেলাধুলার
 সরঞ্জামের অভাবে লেখাপড়ার
 সূচ পরিবেশ বিঘ্নিত হচ্ছে।
 শরীয়তপুর জেলা শহরে অবস্থিত
 প্রাথমিক বিদ্যালয়গুলো বিভিন্ন
 সমস্যায় জর্জরিত। অধিকাংশ
 প্রাথমিক বিদ্যালয়ের ভবন জরা-
 জীর্ণ। বিদ্যালয়গুলোতে নেই
 প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক। এছাড়া
 চেয়ার-টেবিল-বেঞ্চসহ আসবাব-
 পত্রের তীব্র সংকট বিরাজ
 করছে। ফলে লেখাপড়া ব্যাহত

হচ্ছে।
 শরীয়তপুর জেলা শহরে
 বিগত পানীয় জলের তীব্র
 সংকট রয়েছে। শহরের অনেক
 নলকপ আংশিক ও সম্পূর্ণ অকাজে
 অবস্থায় পড়ে আছে। ফলে শহর-
 বাসী বিগত খাবার পানি থেকে
 বঞ্চিত হচ্ছে। এদিকে শহরে
 বিগত পানীয় জল সরবরাহের
 লক্ষ্যে বিভিন্ন প্রকল্পের কাজ
 চললেও তার গতি খুবই মধুর।
 এ প্রকল্পের কাজ সমাপ্ত হলে
 পানীয় জলের সমস্যার সমাধান
 হতো।